

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
সাটুরিয়া, মানিকগঞ্জ।

স্মারক নং: ৩৪.০১.৫৬৭০.০০০.৩৮.৩১০.২৬-৬৫

তারিখ: ১১/১০/২০২৬ খ্রি.

"বিজ্ঞপ্তি"

দেশের বেকার সমস্যা সমাধানকল্পে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আয়োজিত "টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হুইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ুথ পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় ভ্রাম্যমাণ আইসিটি ট্রেনিং ভ্যানের মাধ্যমে **সাটুরিয়া** উপজেলায় পর্যায়ক্রমে ০২ (দুই) মাস মেয়াদি **"কম্পিউটার ও নেটওয়ার্কিং"** বিষয়ে প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য সাটুরিয়া উপজেলার ১৮ থেকে ৩৫ বছর বয়সের যুব পুরুষ ও যুব নারীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	কোর্সের মেয়াদ	আবেদন শুরুর তারিখ	আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ও সময়	সাক্ষাৎকার তারিখ ও সময়	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরুর তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১	**কম্পিউটার ও নেটওয়ার্কিং**	**যুব পুরুষ:** এইচ.এস.সি বা সমমান **যুব নারী:** এস.এস.সি বা সমমান	৪০ (চল্লিশ) জন	০২ (দুই) মাস	১২/১০/২৬ খ্রি.	২৭/১০/২৬ খ্রি. *(বিকাল ৪ টা পর্যন্ত)*	২৮/১০/২৬খ্রি.	২৯/১০/২৬ খ্রি.	০১/১১/২৬ খ্রি.	

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলীঃ

ক) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সাটুরিয়া, মানিকগঞ্জ বরাবরে নির্ধারিত ফরমে অফিস চলাকালীন সময়ে আবেদন করতে হবে। আবেদন ফরমটি আবেদন শুরুর তারিখ হতে অত্র কার্যালয়ে পাওয়া যাবে।

খ) আবেদনপত্রে চাহিত তথ্যাদি সুস্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

১. শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি কপি।
২. জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি কপি।
৩. স্থানীয় ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সদনপত্র।
৪. সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩(তিন) কপি ছবি।

গ) সাক্ষাৎকারের জন্য ২৮/১০/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় মূল কাগজপত্র সহ **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সাটুরিয়া, মানিকগঞ্জ** উপস্থিত থাকতে হবে, এ জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

ঘ) ভর্তির বিষয়ে বাছাই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

ঙ) নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

চ) যে সকল যুবক ও যুব নারী ইতিপূর্বে উক্ত প্রশিক্ষণ গ্রহণ করেছেন, তাদের দরখাস্ত করার প্রয়োজন নাই।

ছ) ২৭/১০/২০২৬খ্রি. তারিখে বয়স হতে হবে অনুর্দ্ধ ৩৫ বছর।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

১. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে।
২. প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
৩. প্রশিক্ষণ কালে সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

(মোঃ কামরুল হাসান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সাটুরিয়া, মানিকগঞ্জ।

স্মারক নং: ৩৪.০১.৫৬৭০.০০০.৩৮.৩১০.২৬- ৬৫

তারিখ: ১১/১০/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো। উক্ত অনুলিপি জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মানিকগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।
৩। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, সাটুরিয়া, মানিকগঞ্জ।
৪। ..... (বহুল প্রচারের জন্য আপনাকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।
৫। নোটিশ বোর্ড।
৬। অফিস কপি।

(মোঃ কামরুল হাসান)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সাটুরিয়া, মানিকগঞ্জ।